তারিখ ..04 JUL 1985...
পৃষ্ঠা... ...1...কলাম...2...

004

# এগারজন নতুন মন্ত্রী নিয়োগ

04 JUL 1985

রাষ্ট্রপতি হুসাইন মোহাম্মদ এরশাদ গতকাল বুধবার আরও সাতজন মন্ত্রী, তিনজন প্রতিমন্ত্রী ও একজন উপ-মন্ত্রীকে অন্তর্ভুক্ত করে তাঁর মন্ত্রিসভা সম্প্রসারিত করেছেন। খবর বাসস'র।

নতুন মন্ত্রীদের অন্তর্ভুক্তির ফলে মন্ত্রিসভার সদস্য সংখ্যা দাঁড়াল ২৬। আগে ছিল ১৫।

গতকাল সকালে বঙ্গভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে রাষ্ট্রপতি এরশাদ নতুন মন্ত্রীদের শপথ গ্রহণ করান।

যেসব মন্ত্রী শপথ গ্রহণ করেন তারা হলেন--এয়ার ভাইস মার্শাল (অব:) কে,এম আমিনুল ইসলাম, অধ্যাপক এম,এ মতিন, জনাব কোরবান আলী, কাজী জাফর আহমদ, জনাব সিরাজুল হোসেন খান, জনাব এম,এ সাত্তার ও জনাব হুমায়ুন রশীদ চৌধুরী।

প্রতিমন্ত্রীরা হচ্ছেন: শ্রী সুনীল গুপ্ত, জনাব শফিকুল গনি স্বপন ও লে: কর্নেল (অব:) জাফর ইমাম ও উপ-মন্ত্রী হচ্ছেন শেখ শহীদুল ইসলাম।

জনাব হুমায়ুন রশীদ চৌধুরীকে পররাষ্ট্র বিষয়ক দফতর দেয়া হয়েছে। অন্য মন্ত্রীদের দফতর এখনও ঘোষণা করা হয়নি।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপপ্রধান সামরিক আইন প্রশাসকদ্বয় রিয়ার এডমিরাল সুলতান আহমদ, এয়ার ভাইস মার্শাল সুলতান মাহমুদ, মন্ত্রীবর্গ, রাষ্ট্রপতির উপদেষ্টাগণ এবং উচ্চপদস্থ বেসামরিক ও সামরিক কর্মকর্তাগণ।

নবনিযুক্ত মন্ত্রী কাজী জাফর আহমদ, জনাব সিরাজুল হোসেন খান ও লে: কর্নেল (অব:) জাফর ইমাম যথাক্রমে ইউপিপি, গণতান্ত্রিক পার্টি ও বিএনপি'র নেতা। এ দলগুলো বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন সাত দলীয় জোটের শরিক দল।

বাকী মন্ত্রীরা হচ্ছেন জনদলের সদস্য। এদের মধ্যে চারজন এয়ার ভাইস মার্শাল (অব:) আমিনুল ইসলাম, অধ্যাপক এম, এ মতিন, জনাব কোরবান আলী ও শফিকুল গনি স্বপন এর আগে রাষ্ট্রপতি এরশাদের অধীন মন্ত্রিসভার সদস্য ছিলেন। জনাব এম, এ সাত্তার এর আগে রাষ্ট্রপতির উপদেষ্টা ছিলেন।

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

গভীর রাতে নবনিযুক্ত মন্ত্রীদের দপ্তর বণ্টন সংক্রান্ত খবর পাওয়ায় আজ তা প্রকাশ করা গেল না।

--বার্তা সম্পাদক

## হুমায়ুন রশীদ চৌধুরী নয়া পররাষ্ট্রমন্ত্রী নিযুক্ত

জনাব হুমায়ুন রশীদ চৌধুরীকে পররাষ্ট্র মন্ত্রী নিয়োগ করা হয়েছে। তিনি মুখ্য পররাষ্ট্র সচিব ও রাষ্ট্রপতির পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ছিলেন।

এক সরকারী ঘোষণায় বলা হয়েছে, জনাব চৌধুরী অবসরগ্রহণের জন্যে আবেদন করেছিলেন এবং তা গৃহীত হয়েছে। তিনি জনদলেও যোগদান করেছেন। খবর বাসস'র।

## এগারজন নতুন মন্ত্রী নিয়োগ

(১ম পাতার পর)

শেখ শহীদুল ইসলাম হচ্ছেন আওয়ামী লীগপন্থী ছাত্র-লীগের প্রাক্তন নেতা ও বর্তমানে জনযুব সংহতির প্রধান।

শ্রী সুনীলগুপ্ত সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অধীনে প্রতিমন্ত্রী ছিলেন।